10

তারিখ 3 0 AUG 1993
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৪ ...

আজকের কাগজ

# শিক্ষা কার্যক্রমের জন্যে টিভির দ্বিতীয় চ্যানেল চালুর দাবি

**কাগজ প্রতিবেদক :** উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ডঃ শমশের আলী বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম পরিচালনার জন্যে টিভির দ্বিতীয় চ্যানেল চালুর দাবি জানিয়েছেন। গতকাল ধানমন্ডিস্থ বিশ্ববিদ্যালয়ের অস্থায়ী কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে তিনি বলেন, উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম পরিচালনার জন্যে ইলেকট্রনিক মাধ্যমের ওপর নির্ভর করতে হয়। শিক্ষা কার্যক্রম রেডিও, টিভি, অডিও ও ভিডিও ক্যাসেট এবং পোস্টাল সার্ভিসের মাধ্যমে সম্প্রচার করা হয়। কিন্তু বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম রেডিও এবং টেলিভিশনে মাত্র আধা ঘন্টা প্রচার করা হয় যা খুবই অপ্রতুল। অথচ অন্যান্য বিশ্ববিদ্যালয়ের প্রতিটি ক্লাশে ১ ঘন্টার সময় নেয়া হয়। উপাচার্য জানান, ভারত, পাকিস্তান, ব্রিটেন ও অস্ট্রেলিয়ায় শিক্ষার জন্যে আলাদা চ্যানেল রয়েছে।

সংবাদ সম্মেলনে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন, বিশ্ববিদ্যালয়ের উপদেষ্টা গিয়াস উদ্দিন আহমেদ, এন এম মুস্তফা, শিক্ষক ডঃ এনামুল হক, অধ্যাপক আনোয়ার আলী প্রমুখ উপস্থিত ছিলেন।